প্রোগ্রাম নং ২ PHP এর মাধ্যমে কিছু লেখা বা টেক্সটকে আউটপুট হিসেবে দেখানোর জন্য উপরের প্রোগ্রামটিতে আমরা php স্ক্রিপ্টকে HTML এর Body Section এর ভেতর রেখেছি।



চিত্রঃ ৪.৫ প্রোগ্রাম ২ এর আউটপুট

এখন পূর্বেও মতোই আমরা এই ফাইলটি রান করবো। আবারো আপনি ব্রাউজারে চলে যান, সেখানে লিখুন <http://localhost/hello.php> এবং এন্টার দিন।



চিত্রঃ p4.5.2 hello.php

৪.৬ পিএইচপি এবং এইচটিএমএল

এখানে আমরা php স্ক্রিপ্টকে HTML এর Body Section এর ভেতর রেখেছি।


```
<html>
<head>
  <title>My First PHP Page</title>
</head>
<body>
  <?php
    echo "Hello World! ";
    echo "Hello Bangladesh! ";
    echo "Hello Dhaka! ";
  ?>
</body> </html>
```

প্রোগ্রাম নং ৩ HTML এর body ট্যাগ এর ভিতর <?php ?> ব্যবহার করে তার ভিতর PHP কোড লিখা

এখানে HTML এর body ট্যাগ এর ভিতর আমরা <?php ?> ব্যবহার করে তার ভিতর php কোড লিখেছি

```
echo "Hello World! ";
echo "Hello Bangladesh! ";
echo "Hello Dhaka! ";
```

এখন প্রোগ্রামটি রান করলে নিম্নের মতো আউটপুট প্রদর্শিত হবে।



চিত্রঃ ৪.৬ প্রোগ্রাম ৩ এর আউটপুট

উপরের প্রোগ্রামটি রান করলে এরকম আউটপুট আসবে।

তবে মনে রাখবেন, php তে কোন এক লাইন কোড অর্থাৎ statement লেখা শেষে সেমিকোলন (;) ব্যবহার করতে হবে আর ডাবল কোটেশন এর ভিতর যা থাকবে সেটি আউটপুট হিসেবে প্রদর্শিত হবে। যেমন উপরের কোডে লক্ষ্য করলে দেখবেন যে, ডাবল কোটেশন ("") এর ভিতর Hello Bangladesh! লিখা ছিল এবং সেটি আউটপুট হিসেবে দেখাচ্ছে।


অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

এখন আপনাদেরকে আরেকটি প্রোগ্রাম দেখাবো। নিম্নের কোডগুলো আপনি একটি ফাইলে লিখে পূর্বের মতো সেভ করে রান করে দেখুন। নিম্নের প্রোগ্রামের মাধ্যমে PHP এবং HTML উভয় কোডের আউটপুট একসাথে দেখাবে।

প্রোগ্রাম নং ৪ PHP এবং HTML উভয় কোডের আউটপুট একসাথে দেখানোর জন্য প্রোগ্রাম

```
<html> <head>
  <title> My First PHP Page </title>
</head>
<body>
  <?php
    echo "Hello Bangladesh ";
  ?>
  <h1> Our Dhaka </h1>
  <?php
    echo "Welcome Bangladesh ";
  ?>
</body>
</html>
```

এই প্রোগ্রামটি রান করলে আউটপুটে দেখাবে



চিত্রঃ ৪.৬ প্রোগ্রাম ৪ এর আউটপুট

৪.৭ ক্লাস তৈরী

পিএইচপিতে ক্লাস তৈরীর জন্য Class কী-ওয়ার্ডটি ব্যবহার করতে হবে। ক্লাসের একটি নাম দিতে হয় সেটি আপনার পছন্দ অনুযায়ী দিতে পারেন। এরপর দু'টি দ্বিতীয় বন্ধনীর (Second Bracket) এর ভিতর ক্লাসের রিসোর্স (ক্লাসের কোড) গুলো থাকবে।

```
Class > কী-ওয়ার্ড nima > ক্লাসের নাম
{ শুরু সেকেন্ড ব্রাকেট
এখানে ক্লাসের প্রোপারটি এবং মেথড গুলো থাকবে।
```

} শেষের সেকেন্ড ব্রাকেট

উপরের nima নামক একটি ক্লাস তৈরী করে দেখানো হলো। আর আগেই বলেছি ক্লাস আমরা কেন ব্যবহার করবো। বুকবিডির ই-কমার্স বইটি পড়ুন নিজে নিজে ই-কমার্স ওয়েব সাইট তৈরী করুন।

```
<?php
    Class book
    {
    }
?>
```

উপরে বুক নামক একটি ক্লাস তৈরী করা হল।

৪.৮ অবজেক্ট তৈরী

অবজেক্টকে ক্লাসের instance ও বলা হয়। মনে রাখতে হবে ক্লাস ছাড়া অবজেক্ট তৈরী করা যায় না। অবজেক্ট তৈরী করার জন্য আপনি অবজেক্ট এর যে কোন একটি নাম দিবেন। অবশ্যই তার পূর্বে \$ (ডলার) সাইন দিতে হবে। যেমন \$d অর্থাৎ এখানে আমরা অবজেক্ট এর নাম দিলাম d আর এর পূর্বে \$ ডলার সাইন দিতে হবে।

```
$D =new nima;
```

\$D> অবজেক্টের নাম =new > এটি হচ্ছে কী-ওয়ার্ড nima > এটি ক্লাসের নাম ; > সেমিকোলন।

উপরে দেখানো হলো কী ভাবে nima ক্লাস এর একটি অবজেক্ট তৈরী করা হল। মনে রাখবেন একই ক্লাসের একের অধিক অবজেক্ট থাকতে পারে। এখন দেখাবো নিমা ক্লাসের আরেকটি অবজেক্ট এবং নাম হচ্ছে Sun

```
$sum = new nima;
```

তাহলে দেখলাম অবজেক্ট এর নামের পর ইকুয়াল (=) সাইন দিতে হবে। তারপর নিউ (new) কী-ওয়ার্ড লিখতে হবে এরপর স্পেস (Space) দিয়ে ক্লাসের নাম লিখতে হবে। অবশেষে সেমিকোলন (;) দিতে হবে।

৪.৯ অবজেক্ট এবং ক্লাস

```
<?php <==== php ট্যাগ শুরু করলাম
```

কী-ওয়ার্ড (এটি লিখতে হয়)



```
class bd <==== ক্লাস এর নাম bd
```

```
{ <==== দ্বিতীয় ব্রাকেট দিয়ে শুরু করতে হয়।
```

ভেরিয়েবল নেইম



```
public $city="dhaka"; <==== ভেরিয়েবল এর মান dhaka
```



মডিফায়ার (কী-ওয়ার্ড)

```
} <==== দ্বিতীয় ব্রাকেট দিয়ে শেষ (অর্থাৎ ক্লাসটি শেষ হল)
```

অবজেক্ট অরিয়েন্টেড পিএইচপি

ইকুয়াল সাইন

new এটি হচ্ছে কী-ওয়ার্ড
\$x=new bd; ← ক্লাস নেইম

এখানে ভেরিয়েবল x হচ্ছে একটি অবজেক্ট

অবজেক্ট x

echo \$x->city; ← bd ক্লাস এর ভেরিয়েবল

↑
নেইম স্পেস/অ্যারো অপারেটর

আউটপুট দেখানোর জন্য

?> ← পিএইচপি ট্যাগ শেষ করা হল।

8.10 অবজেক্ট অরিয়েন্টেড পিএইচপি প্রোগ্রাম

Class Mango

```
{  
    public $c=10;  
}  
$g=new mango;
```

কী-ওয়ার্ড → ভেরিয়েবল নেইম
ভেল্যু

এখন দেখবো কিভাবে g অবজেক্ট দিয়ে Mango ক্লাসের ভেরিয়েবলটি ব্যবহার করা যায়।

echo \$g->c;

এখন প্রোগ্রামটি রান (Execute) করলে আউটপুট হিসেবে ১০ প্রদর্শিত হবে।

প্রোগ্রাম: p5.php

```
<?php  
class mango  
{  
    public $c=10;
```

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

```
}  
$g = new mango;  
echo $g->c;  
?>
```

উপরের প্রোগ্রামটির আউটপুট হিসেবে ১০ সংখ্যাটি দেখাবে। নিম্নে চিত্রের মাধ্যমে দেখানো হল।



চিত্রঃ ৪.১১ প্রোগ্রাম ৫ এর আউটপুট

প্রোগ্রাম: p6.php

```
<?php  
class orange{  
    public $value=100;  
    public $color="yellow";  
}  
$fruit= new orange;  
echo $fruit->value; // keep in mind dont need to put $ sign here before varibale  
echo $fruit->color; // dont use $ when access variable of class  
?>
```

উপরের প্রোগ্রামটি আউটপুট হবে 100 এবং Yellow;




চিত্রঃ ৪.১১ প্রোগ্রাম ৬ এর আউটপুট

ইন্টারনেটে ব্যবসা পরিচালনা...

ই-কমার্স
Your Future Business

Quick & Easy Way

More than just a book

With  রচনা ও সম্পাদনা ৪ বুকবিডি সিরিজ... www.bookbd.info

Download

অধ্যায়-৫ ভ্যালু, ভ্যারিয়েবল এবং কনস্ট্যান্ট

-
-
৫. ভ্যালু, ভ্যারিয়েবল, ভ্যারিয়েবল ডিক্লেয়ার, ডেটা টাইপস, কী-ওয়ার্ড, কনস্ট্যান্ট, কমেন্ট সম্পর্কে আলোচনা --
- ৫.১ ভূমিকা -----
- ৫.২ ভ্যালু -----
- ৫.৩ ভ্যারিয়েবল -----
- ৫.৪ পিএইচপিতে ভ্যারিয়েব ডিক্লেয়ার করার নিয়ম -----
- ৫.৫ পিএইচপি ভ্যারিয়েবল -----
- ৫.৬ ভ্যারিয়েবল (Variable) ভ্যালু (Value) এবং আউটপুট -----
- ৫.৭ পিএইচপিতে ডেটা টাইপস (Data Types) -----
- ৫.৮ ভ্যারিয়েবল এ ভ্যালিউ অ্যাসাইন -----
- ৫.৯ কী-ওয়ার্ড -----
- ৫.১০ কনস্ট্যান্ট (Constant) -----
- ৫.১১ কমেন্ট -----
- ৫.১২ সংক্ষিপ্ত অধ্যায় -----
- ৫.১৩ প্রশ্ন -----

৫.১ ভূমিকা :

প্রোগ্রামিং মূলত মান (ভ্যালু) নিয়ে কাজ করে আর এ ভ্যালু গুলো কোথাও না কোথাও রাখতে হয়। যেখানে ভ্যালুকে সংরক্ষণ করি তাকে আমরা ভ্যারিয়েবল বলে থাকি। আর এ মান গুলো বিভিন্ন ধরনের হয়ে থাকে, যেমন int, float, double, char, string, আর এগুলোকে ডেটা টাইপ বলা হয়। বাস্তবে এ ভ্যালু গুলো হচ্ছে এক ধরনের ডেটা (Data) এক ধরনের নির্দিষ্ট মান যেটা পরিবর্তন হওয়ার সম্ভাবনা নেই তাকে আমরা কনস্ট্যান্ট বা অপরিবর্তনীয় মান বলে থাকি।

৫.২ ভ্যালু

যেমন বলা হল একটি প্রোগ্রাম লিখ যেটি দুটো নাম্বারকে যোগ করবে। গুণ করবে অথবা চেক করবে। নাম্বার দুটির মধ্য কোন সংখ্যাটি ছোট ইত্যাদি যদি বলা হয়, আরেকটি প্রোগ্রাম লিখতে যেটি আউটপুট প্রদর্শিত করবে Bangladesh এখন প্রশ্ন হচ্ছে এই যে নাম্বারে দুটোর কথা বলা হল এ গুলো তাহলে কি? এ গুলো আমরা ডেটা/ভ্যালু বলতে পারি। তাহলে বলা যায় প্রোগ্রামিং ভ্যালু নিয়ে কাজ করে। নিম্নে কয়েকটি ভ্যালু লিখি ১০, ১২৫, ৬, Dhaka, p, ২৪.৫, ইত্যাদি

৫.৩ ভ্যারিয়েবল

ভ্যারিয়েবল ব্যবহার করা হয় মান (value) store করে রাখার জন্য। মান বলতে এখানে টেক্সট, নাম্বার, স্ট্রিং ইত্যাদি বুঝায়। ভ্যারিয়েবল (variable) হচ্ছে একটি কনটেইনার এর মতো, যেটি কোন কিছু কনটেইন অথবা ধারণ করে। আমরা এখানে কনটেইনার-যেটিকে ধারণ করে, সেটিকে value বলছি আর কনটেইনারকে বলছি ভ্যারিয়েবল। ধরুন, একটি পাত্রে কিছু আপেল রয়েছে, এখানে পাত্রটি হচ্ছে ভ্যারিয়েবল আর পাত্রের মধ্যে যে আপেল গুলো রয়েছে সেগুলো হচ্ছে মান (Value)। অর্থাৎ আপেলকে এখানে বলা যায়, পাত্রের মান অর্থাৎ ভ্যারিয়েবল এর মান। একটি প্রোগ্রামে ভ্যারিয়েবল বার বার ব্যবহার করা যায় (অর্থাৎ reuse করা যায়)। ভ্যারিয়েবল প্রোগ্রামে ব্যবহার করা হয় কোন একটি ভ্যালিউকে Represent করার জন্য। প্রোগ্রামে ভ্যারিয়েবল ব্যবহার এর কারণে কোন মানকে বার বার লিখার প্রয়োজন হয় না। এতে করে প্রোগ্রামের সাইজ কমে আসে। কোন একটি প্রোগ্রামের যখন, যেখানে প্রয়োজন সেখানে Variable কে কল (call) করা হয়। ভ্যারিয়েবল ডিক্লেয়ার করার জন্য প্রত্যেকটি ল্যাংগুয়েজের নিজস্ব রুলস রয়েছে। যেমন সি, সি++, জাভা, ডটনেট এবং পিএইচপি প্রোগ্রামিং ল্যাংগুয়েজ। প্রত্যেক ল্যাংগুয়েজের ভ্যারিয়েবল Declare করার নিয়ম ভিন্ন, তবে আসল Concept এবং কাজ একই। নিম্নে কয়েকটি ভ্যারিয়েবল এর উদাহরণ দেওয়া হল:

```
$Variable_Name=Value;
```



ভ্যারিয়েবল এর নাম



ভ্যারিয়েবল এর মান

এই ভ্যারিয়েবল এর নাম আপনি যেকোন কিছু লিখতে পারেন এবং সেটিতে যে কোন মান (value) ও রাখতে পারেন।

```
$bd=5;
```

এখানে bd হচ্ছে ভ্যারিয়েবল এবং 5 হচ্ছে উক্ত bd ভ্যারিয়েবল এর মান। মনে রাখবেন, ভ্যারিয়েবল লেখার পূর্বে অবশ্যই ডলার সাইন (\$) ব্যবহার করতে হবে।

নিচের প্রোগ্রামে txt এবং number নামের দুটি ভ্যারিয়েবল ডিক্লেয়ার করা হয়েছে এবং এদের (value) হিসেবে যথাক্রমে Bangladesh এবং 16 দেওয়া হয়েছে। এখন এই ভ্যারিয়েবল দুটিকে কল করার জন্য আমরা echo

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

\$txt; এবং echo \$number; লিখেছি। এবং আউটপুট হিসেবে উক্ত ভ্যারিয়েবল দুটির মান যথাক্রমে Bangladesh16 দেখতে পাবো।

প্রোগ্রাম নং ৭ (p7.php) ভ্যারিয়েবল ডিক্লেয়ারের মাধ্যমে ভ্যালিউ অ্যাসাইন করা ও আউটপুট দেখানো

```
<?php
```


```
    $txt = "Bangladesh";
```

```
    $number = 16;
```

```
    echo $txt;
```

```
    echo $number;
```


```
?>
```



চিত্রঃ ৫.৩ প্রোগ্রাম ৭ এর আউটপুট


একটি নোটপ্যাড ওপেন করে উপরের কোড গুলো লিখুন এবং সেটিকে যেকোন নাম দিয়ে ডট (.php) extension সহ সেভ করুন। যেটি পূর্বে কয়েকবার দেখানে হয়েছে। তারপরও আরও একবার দেখানো হলো। আপনি কম্পিউটারের C ড্রাইভে XAMPP ফোল্ডারটি খুঁজে বের করুন এবং সেখান থেকে htdocs ফোল্ডারের ভিতর চলে যান। মনে রাখবেন, আপনি যদি XAMPP সফটওয়্যারটি অন্য কোন ড্রাইভে ইনস্টল করে থাকেন, তাহলে কিন্তু C ড্রাইভে গিয়ে পাবেন না। বরং, যে ড্রাইভে ইনস্টল করেছেন সেখানে যেতে হবে। এখন htdocs ফোল্ডারের ভিতর মাউসের রাইট বাটন ক্লিক করে একটি Text Document (টেক্সট ডকুমেন্ট) ফাইল ওপেন করুন এবং ফাইলটিতে ডাবল ক্লিক করে ফাইলটির ফাইল অপশনে গিয়ে Save as (সেভ এজ) এ ক্লিক করে এটিকে var.php নামে সেভ করুন এবং Save as type থেকে অবশ্যই All Files সিলেক্ট করে দিবেন।

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি



চিত্র ৫.৩.১ : var.php ফাইল

এখন ফাইলে উপরের কোডগুলো (p5.php) টাইপ করুন।



চিত্র ৫.৩.২ : var.php ফাইলে php কোড

এখন ব্রাউজারে গিয়ে localhost/var.php লিখে এন্টার দিন, আউটপুট হিসেবে Bangladesh16 দেখতে পাবেন।

নিম্নে একটি প্রোগ্রাম লিখা হচ্ছে যেখানে দেখানো হয়েছে কিভাবে ক্লাসের সব গুলো ভ্যারিয়েবলকে এক সাথে প্রিন্ট করা যায়।

প্রোগ্রাম : p8.php

```
<?php
class p{
    public $d=10;
```

```
public $e="Bookbd for Bangla Book";  
}  
$g = new p;  
var_dump($g);  
echo $g->d;  
echo $g->e;  
?>
```

var_dump() ফাংশনটির ভিতরে অবজেক্ট লিখলে। যে ক্লাসের অবজেক্ট সে ক্লাসের সকল ভ্যারিয়েবল প্রিন্ট হয়ে যাবে। যেমন var_dump (\$g) এখানে p ক্লাসের ভ্যারিয়েবল d এবং e এর মান এবং ডেটা টাইপ সহ আউটপুট প্রদর্শিত হবে। নিম্নে চিত্রের মাধ্যমে দেখানো হল।



চিত্রঃ ৫.৩ প্রোগ্রাম ৮ এর আউটপুট

৫.৪ পিএইচপিতে ভ্যারিয়েব ডিক্লেয়ার করার নিয়ম

- PHP ভ্যারিয়েবল অবশ্যই letter অথবা underscore (“_”) দিয়ে শুরু করতে হবে।
- ভ্যারিয়েবল নেইম শুধুমাত্র আলফা নিউমেরিক (Alpha numeric) ক্যারেক্টারস এবং Underscore (a-z, A-Z, 0-9, _) কনটেইন (Contain) করতে পারবে।
- ভ্যারিয়েবল এর নামে space ব্যবহার করা যাবে না। যদি ভ্যারিয়েবল এর নাম একের অধিক শব্দের হয়, তখন underscore (“_”) অথবা হাইফেন (“-”) ব্যবহার করে সেগুলোকে আলাদা করা যেতে পারে।
- ভ্যারিয়েবল এর নামে Capitalization ও ব্যবহার করা যাবে।
- ভ্যারিয়েবল এর নামের শুরুতে অবশ্যই dollar (\$) সাইন থাকতে হবে।
- ভ্যারিয়েবল এর নামের প্রথম অক্ষরটি নাম্বার হতে পারবে না, সেটি অবশ্যই Letter অথবা Underscore দিয়ে শুরু হতে হবে।

PHP ভ্যারিয়েবল Case-sensitive অর্থাৎ php syntax মেনে variable declare না করলে এরর (error) দেখাবে, আপনার প্রোগ্রাম রান করবে না।

৫.৫ পিএইচপি ভ্যারিয়েবল

এখন আমরা php ভ্যারিয়েবল এর নিয়মগুলো মেনে ভ্যারিয়েবল তৈরি (Declare) করবো : \$txt

এটি শুরু হয়েছে \$ সাইন দিয়ে এবং প্রথম Letter হচ্ছে (a-z) এর মধ্যে। সুতরাং, এটি একটি ভ্যালিড ভ্যারিয়েবল। \$Txt

এটি \$ সাইন দিয়ে শুরু হয়েছে এবং প্রথম অক্ষর A থেকে Z এর মধ্যে। এখানে ভ্যারিয়েবল Capital letter দিয়ে শুরু হয়েছে। সুতরাং এটিও একটি ভ্যালিড ভ্যারিয়েবল। \$_txt

এটিও \$ সাইন দিয়ে শুরু হয়েছে এবং ভ্যারিয়েবল এর নামের প্রথমে Underscore আছে, সুতরাং এটিও একটি ভ্যালিড ভ্যারিয়েবল। \$5txt

এটি \$ সাইন দিয়ে শুরু হয়েছে ঠিকই, তবে এটি ভ্যালিড ভ্যারিয়েবল না। কারণ, এর প্রথম লেটার হচ্ছে নাম্বার আর শর্ত হচ্ছে প্রথম লেটার নাম্বার হওয়া যাবে না। \$bd5

এটি একটি ভ্যালিড ভ্যারিয়েবল। কারণ, এখানে নাম্বার 5 ব্যবহার করা হয়েছে ঠিকই, তবে তা ভ্যারিয়েবল এর নামের শুরুতে না। অর্থাৎ, নাম্বার-ভ্যারিয়েবল এর মাঝখানে এবং শেষে থাকতে পারে।

নিম্নে কিছু ভ্যালিড ভ্যারিয়েবল লেখা হল :

\$V

\$car

\$dhaka

\$position

\$num

\$num5

\$num56

\$num5bd

\$_num

\$num_

\$num_56

\$dhaka_bd

\$March_Salary

\$March12

\$salaryEmployee

\$add_two_number

\$addTwoNumber

\$addtwonumber

\$employee_name

\$studentName

\$studentaddress

\$Student

\$a

\$A

\$aa

\$ab

\$b

\$b_a

\$a6

\$xyz

\$x
\$aR
\$x100
\$m12265

আমরা এখন উপরের মতো করে ভ্যারিয়েবল ডিক্লেয়ার করতে পারবো। শুধু নিয়ম গুলো মেনে যে কোন নামে variable ডিফাইন করা যায়।

\$num=56; ← ভ্যারিয়েবল লিখা শেষে অবশ্যই সেমিকোলন দিতে হবে।



এই Equal(=) সাইন এর মানে হচ্ছে, 56 value টি num ভ্যারিয়েবল এ assign করে দেওয়া হল।

\$name= "Rony ";

Rony নামটি name ভ্যারিয়েবল এ রাখা হল। এই value টি একটি স্ট্রিং, যার জন্য এটিকে ডাবল কোটেশন (" ") এর ভিতর লেখা হয়েছে।

\$sign= 'a ';

এখানে a হচ্ছে একটি character, যার জন্য এটিকে single quotation (' ') এর ভিতর রাখা হয়েছে।

\$nm=20;

এখানে nm ভ্যারিয়েবল এ value হিসেবে 20 রাখা হয়েছে এবং এটি একটি number হওয়ায় কোন কোটেশন (quotation) ব্যবহার করা হয়নি।

এখন আমরা আউটপুট হিসেবে ব্রাউজারে উক্ত ভ্যারিয়েবল গুলোতে অ্যাসাইন করা value দেখতে পাব, ভ্যারিয়েবল এর নাম না।

এখন আমরা দেখবো যেগুলো ভ্যারিয়েবল না :

\$5n

এখানে ভ্যারিয়েবল টি \$ সাইন দিয়ে শুরু হয়েছে ঠিক আছে, কিন্তু প্রথম লেটার নাম্বার হওয়াতে এটি ভ্যারিয়েবল না।

\$employee salary

এখানে স্পেস (space) ব্যবহার করা হয়েছে, এজন্য এটি ভ্যারিয়েবল না।

\$emp\$

ডলার সাইন শুধুমাত্র ভ্যারিয়েবল এর শুরুতে ব্যবহার করা যাবে, পরে কোথাও না। এজন্য এটি ভ্যারিয়েবল না।

\$emp@n

এখানে @ সাইন ব্যবহার করা হয়েছে, যেটি ভ্যারিয়েবলে ব্যবহার করা যাবে না। এজন্য এটিও PHP ভ্যারিয়েবল না।

ভ্যারিয়েবল না এমন কিছু উদাহরণ :

\$56a
\$--ab
\$ab@
\$@ab
\$name!
\$ name
var
var\$
bd#
*bd

```
$student*name  
$bd-dhaka (This is hyphen)  
$bd%  
$dhaka\
```

খুব সহজভাবে ওয়েব সাইট ডিজাইন শিখতে পড়ুন বুকবিডি সিরিজের এইচটিএমএল এবং সিএসএস বই দুটো।

৫.৬ ভ্যারিয়েবল (Variable) ভ্যালু (Value) এবং আউটপুট

এখন আমরা দেখবো, কিভাবে variable এ value রাখতে হয় এবং তা আউটপুটে দেখাতে হয়।

\$bd = 576; ← মিকোলন দিয়ে শেষ করতে হয়।


↑ ↑ ↑
ভ্যারিয়েবল ইকুয়াল (=) সাইন ভ্যালিউ

তাহলে বলা যায়, ইকুয়াল সাইন এর পূর্বে (বামে) যেটি থাকবে সেটি হচ্ছে variable এবং পরে (ডানে) যেটি থাকবে সেটি হচ্ছে value। value সব সময় ভ্যারিয়েবল এ Assign (চলে আসে) হয়।

এখন আমি যদি আউটপুটে 576 দেখতে চাই, তাহলে echo 576; লিখলে তা দেখাবে।

প্রোগ্রাম নং ৯ (p9.php) আউটপুট হিসেবে 576 দেখার জন্য

```
<?php  
echo 576;  
?>
```



চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ৯ এর আউটপুট

উপরের প্রোগ্রামটিতে লক্ষ্য করুন, আপনি ইকো (echo) এর পরে যা লিখবেন (576 সংখ্যা হওয়ায় কোডেশন ব্যবহার করা হয়নি) তাই শো করবে। কিন্তু আমি এখন চাচ্ছি, value টিকে সরাসরি ইকোতে না লিখে কোন একটি ভ্যারিয়েবল এর মাধ্যমে কল করতে। এজন্য প্রথমে value টিকে কোন ভ্যারিয়েবল এ রাখতে (Assign) হবে। চলুন, এখন 576 ভ্যালিউটিকে যে কোন একটি ভ্যারিয়েবল এ রাখি।

```
$num= 576;
```

ভ্যারিয়েবল এবং সবশেষে একটি সেমিকোলন থাকবে।

```
echo $num;
```

↑ ↑ ↑
Space থাকবে

এটি আউটপুটের জন্য লিখতে হয়

চিত্র : (৪.৪.১) ভ্যারিয়েবল প্রিন্ট করা।

নিচের প্রোগ্রামে এ \$num ভ্যারিয়েবলটি ডিক্লেয়ার করা হয়েছে এবং এর মান দেওয়া হয়েছে 576। এখানে echo \$num লেখা হয়েছে, এবং যেহেতু \$num-এর মান (value) হচ্ছে 576 তাই আউটপুটে 576 দেখাবে।

প্রোগ্রাম নং ১০ (p10.php) Value সহ ভ্যারিয়েবল ডিক্লেয়ার করে ভ্যারিয়েবলের মান আউটপুট হিসেবে দেখানো

```
<?php  
class pp{  
    public $num=576;  
}  
$ob = new pp;  
echo $ob-> num;  
?>
```

উপরের ১০ নং প্রোগ্রামের Output: 576

উপরের প্রোগ্রামটি রান করলে দেখবেন আউটপুটে \$num দেখাচ্ছে না, দেখাবে এর মান, অর্থাৎ 576।

নিচের প্রোগ্রামে name নামের একটি ভ্যারিয়েবল ডিক্লেয়ার করা হয়েছে, এবং এর মান হিসেবে একটি string অর্থাৎ jasika দেওয়া হয়েছে, যেহেতু এখানে echo \$name লিখা হয়েছে, এবং যেহেতু \$name এর মান jasika তাই আউটপুট হিসেবে jasika দেখাবে।

প্রোগ্রাম নং ১১ (p11.php) ভ্যারিয়েবলের ভ্যালিউ হিসেবে স্ট্রিং ব্যবহার করা

```
<?php  
$name="jasika";  
echo $name;  
?>
```



চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ১১ এর আউটপুট

ভ্যালিউকে ডাবল কোটেশন দিয়ে লিখা মানে হচ্ছে, এটি একটি স্ট্রিং যা পরবর্তীতে আলোচনা করা হবে।
নিচের প্রোগ্রামের মাধ্যমে কিভাবে একটি ক্যারেক্টারকে আউটপুট হিসেবে ডিসপ্লে করা যায়, তা দেখানো হল।

প্রোগ্রাম নং ১২ (p12.php) ভ্যারিয়েবলের ভ্যালিউ হিসেবে ক্যারেক্টার ব্যবহার করা

```
<?php
class pp{
    public $n='b';
}
$obj = new pp;
// var_dump($g);
echo $obj->n;
?>
```

উপরের ১২ নং প্রোগ্রামের : Output: b

এখানে \$n হচ্ছে একটি ভ্যারিয়েবল এবং 'b' (মান একটি মাত্র ক্যারেক্টার হওয়ায় সিঙ্গেল কোটেশন এর মধ্যে লিখা হয়েছে।) হচ্ছে একটি ক্যারেক্টার। উক্ত প্রোগ্রামে আউটপুট হিসেবে ডিসপ্লে হবে b।

নিচের প্রোগ্রামে name নামের একটি ভ্যারিয়েবল ডিক্লেয়ার করা হয়েছে, এবং এর মান হিসেবে একটি string অর্থাৎ ronay ahmed দেওয়া হয়েছে, যেহেতু এখানে echo \$name লেখা হয়েছে, এবং যেহেতু \$name এর মান ronay ahmed তাই আউটপুট হিসেবে ronay ahmed দেখাবে।

```
<?php
$name="ronay ahmed";
echo $name;
?>
```

উপরের প্রোগ্রামের : Output: ronay ahmed

নিচের প্রোগ্রামে আলাদা ভাবে দুইটি ভ্যারিয়েবল ডিক্লেয়ার করে তাদের মান অ্যাসাইন করা হয়েছে এবং ভ্যালিউ আউটপুট করার জন্য echo ব্যবহার করে উক্ত ভ্যারিয়েবল দুটিকে কল করা হয়েছে।

প্রোগ্রাম নং ১৩ (p13.php)

```
<?php
$name="ronay ahmed";
echo $name;
$m="South Asian ICT";
echo $m;
?>
```


অবজেক্ট অরিয়েটেড পিএইচপি



চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ১৩ এর আউটপুট

প্রোগ্রাম নং ১৪ (p14.php) দুইটি ভ্যারিয়েবল আলাদাভাবে ডিক্লেয়ার করে ভ্যারিয়েবল গুলোর Value আউটপুট হিসেবে দেখানো

```
<?php
$name="ronay ahmed";
    echo $name;
$m="South Asian ICT";
    echo $m;
$mmm="South Asian ICT Gulshan Dhaka";
    echo $mmm;
?>
```




চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ১৪ এর আউটপুট

প্রোগ্রাম নং ১৫ (p15.php) তিনটি ভ্যারিয়েবল আলাদাভাবে ডিক্লেয়ার করে ভ্যারিয়েবল গুলোর Value আউটপুট হিসেবে দেখানো

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

নিচের প্রোগ্রামের মাধ্যমে একই ভেরিয়েবলের মানকে একাধিক বার আউটপুট হিসেবে দেখানো হচ্ছে।

```
<?php
    $name="ronay ahmed";
        echo $name;
    $m="South Asian ICT";
        echo $m;
    $mm="South Asian ICT Gulshan Dhaka";
        echo $mm;
        echo $m;
        echo $m;
        echo $m;
?>
```



চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ১৫ এর আউটপুট

প্রোগ্রাম নং ১৬ (p16.php) একই ভ্যারিয়েবলের মানকে একাধিক বার আউটপুট হিসেবে দেখানো

নিচের প্রোগ্রামে num নামের একটি ভ্যারিয়েবল ডিক্লেয়ার করা হয়েছে এবং এর ভ্যালিউ হিসেবে 45 দেওয়া হয়েছে। যেহেতু echo num লেখা হয়েছে, এবং যেহেতু num এর মান 14 তাই আউটপুট হিসেবে 45 দেখাবে।

```
<?php
$num=45;
echo $num;
?>
```


উপরের ১৬ নং প্রোগ্রামের : Output: 45

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

নিচের প্রোগ্রামগুলোতে (প্রোগ্রাম নং 15 থেকে প্রোগ্রাম নং 20) ভ্যারিয়েবলের মান আউটপুটে দেখানোর জন্য echo এর মাধ্যমে কল করা হচ্ছে, আবার ভ্যারিয়েবল ডিক্লেয়ার না করে echo মাধ্যমে সরাসরি আউটপুট দেখানো হচ্ছে।

প্রোগ্রাম নং ১৭ (p17.php) ভ্যারিয়েবলের ভ্যালিউ 45 দিয়ে তার আউটপুট দেখানো

```
<?php
    $num=45;
    echo $num;
    echo "Bangladesh";
    $country="Bangladesh";
    echo $country;
?>
```




45BangladeshBangladesh

চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ১৭ এর আউটপুট

প্রোগ্রাম নং ১৮ (p18.php)

```
<?php
    $num=45;
    echo $num;
    echo "Bangladesh";
    $country="Bangladesh";
    echo $country;
    $add=456123;
    echo $add;
?>
```




45BangladeshBangladesh456123

চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ১৮ এর আউটপুট

প্রোগ্রাম নং ১৯ (p19.php)

```
<?php
$num=45;
$add=456123;
echo $add;
echo $num;
$num=45;
echo $num;
?>
```



চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ১৯ এর আউটপুট

প্রোগ্রাম নং ২০ (p20.php)

```
<?php
$integer_var = 3;
echo $integer_var;
?>
```

উপরের ২০ নং প্রোগ্রামের : **Output: 3**

প্রোগ্রাম নং ২১ (p21.php)

```
<?php
$integer_var = 3;
$str_var = "apples";
echo $integer_var." ".$str_var;
?>
```



চিত্রঃ ৫.৬ প্রোগ্রাম ২১ এর আউটপুট

```
<?php
$city = "New York";
```

```
$var_container = "city"; //$var_container will store the variable $city  
echo "CONTAINER's var: " . $var_container;  
echo "<br />";  
echo "CONTAINER's value: " . $$var_container;  
echo "<br />";  
echo "VAR city: " . $city;
```

?>



৫.৭ পিএইচপিতে ডেটা টাইপস (Data Types)

প্রোগ্রামিং এ বিভিন্ন ধরনের মান (ডেটা) থাকার কারণে এ ধরনের টাইপ ও ভিন্ন হয়। যেমন ১০ এবং ২৬.৫ এখানে ১০ এক ধরনের ডেটা আবার ২৬.৫ হচ্ছে অন্য ধরনের ডেটা। আবার ২।৬ এবং a এর মধ্যে, ৬ এক ধরনের অপর দিকে a হচ্ছে অন্য ধরনের ডেটা। এ সমস্ত ডেটার উপর ভিত্তি করে ডেটার টাইপ ও ভিন্ন হয়।

বেশির ভাগ প্রোগ্রামিং এ ডেটা টাইপ লিখে দিতে হয়। কিন্তু PHP প্রোগ্রামিং এ কোন ডেটা টাইপ লিখতে হয় না। যেমন সি প্রোগ্রামিং এ যদি কোন number লিখি, তাহলে লিখতে হয়

```
int a= 7;  
↑      ↑      ↑  
ডেটা টাইপ  ভ্যারিয়েবল  ভ্যালিউ
```

কিন্তু PHP তে তা লাগে না যেমন \$a=7;

এখানে কোন ডেটা টাইপ নেই।

PHP তে একটি ভ্যারিয়েবল এ যে কোন ধরনের ভ্যালিউ রাখা যায়, কিন্তু অন্যান্য ল্যাংগুয়েজে সেটা যায় না।

PHP তে ডেটা টাইপটা অটোমেটিক্যালি ভ্যারিয়েবল এ set হয়, অর্থাৎ আপনি যে টাইপের ডেটা (মান) ভ্যারিয়েবল এ রাখবেন, ভ্যারিয়েবল সেই টাইপের হয়ে যাবে।

যেমন:

\$a= 75; অটোমেটিক্যালি ইন্টিজার (integer) টাইপ হয়ে যাবে।
\$bd=75.6; এটি অটোমেটিক্যালি ফ্লোট (float) টাইপ হয়ে যাবে।
\$n= "Mijan"; এটি স্ট্রিং (string) টাইপ হয়ে যাবে।
\$ch= 'p'; এটি ক্যারেক্টার (character) টাইপ হয়ে যাবে।
নিচের প্রোগ্রামে বিভিন্ন ডেটা টাইপ ব্যবহার করা হয়েছে।

```
<?php
    $myAge = 16;           // a PHP Integer - always available
    $yourAge = 15.5;      // a PHP Float - always available
    $hasHair = true;      // a PHP Boolean - always available
    $greeting = "Hello World!"; // a PHP String - always available
?>
```

প্রোগ্রাম নং ২২ (p22.php) বিভিন্ন ডেটা টাইপ ব্যবহার করে প্রোগ্রাম লেখা

এখন দেখবো কিভাবে ক্লাসের ভিতর ভ্যালু প্রিন্ট হয়। সে জন্য আমাদেরকে একটি ফাংশন নিতে হবে। এখানে

```
<?php
class m{
    public function demo() // as rules write public than wirte function keyword
    and after that function name {
        echo "BookBd";
    }
}
$obj = new m;
$obj->demo();
?>
```



চিত্রঃ ৫.৭ প্রোগ্রাম ২২ এর আউটপুট

৫.৮ ভ্যারিয়েবল এ Value অ্যাসাইন

সুবিধার জন্য Valueকে ভ্যারিয়েবল এ স্টোর করে রাখা হয়। অ্যাসাইনমেন্ট অপারেটর এর সাহায্যে ভ্যারিয়েবলে ভ্যালিউকে স্টোর করা হয়।

[Assign Operator " = "] "= " হচ্ছে অ্যাসাইনমেন্ট অপারেটর।



Variable_Name=constant;



এটি যে কোন নাম হতে পারে।

এটি যে কোন মান বা Value হতে পারে।

```
$product= "apple";
```

এখানে product ভ্যারিয়েবলে apple কে Value হিসেবে অ্যাসাইন করা হয়েছে।

```
$price= 70.5;
```

price ভ্যারিয়েবলে 70.5 দামটি রাখা হয়েছে।

একই ভ্যারিয়েবল নামে একাধিক Value রাখা যায়, তবে শেষ Value টি সব সময় পাওয়া যাবে।

```
$a= 5;
```

```
$a=6;
```

```
$a=10;
```

এখন যদি আপনি জানতে চান, a এর মান কত? তা হলে উত্তর হবে 10. কারণ একই ভ্যারিয়েবল নামে একাধিক মান রাখলে শেষ মানটাই পাওয়া যাবে।

নিচের প্রোগ্রামে a ভ্যারিয়েবলের Value হিসেবে hello অ্যাসাইন করা হয়েছে।

```
<?php
  Public class dk{
    public $a = "hello";
  }
?>
```

নিচের প্রোগ্রামে p এবং number নামের দুইটি ভ্যারিয়েবল ডিক্লেয়ার করে এদের Value অ্যাসাইন করা হয়েছে, কিন্তু যেহেতু এখানে শুধুমাত্র echo \$number লেখা হয়েছে-তাই এখানে শুধুমাত্র number ভ্যারিয়েবলের Value আউটপুট হিসেবে দেখাবে।

প্রোগ্রাম নং ২৩ (p23.php) ভ্যারিয়েবলে ভ্যালিউ অ্যাসাইন করা

```
<?php
Public class dom{
Public function k() {
  $p=10;
  $number=12;
  echo $number;
}}
P=new dom;
```

```
p->k();  
?>
```

এখন আমরা দেখবো, একটি ভ্যারিয়েবল এর মান কিভাবে অন্য ভ্যারিয়েবল এ রাখতে অথবা অ্যাসাইন করতে হয়।

\$p=10; এখানে p এর মান হচ্ছে 10.

\$number=\$p; এখানে number ভ্যারিয়েবল এর মান কিন্তু \$p নয়, এর মান হচ্ছে 10. অর্থাৎ \$p ভ্যারিয়েবল এর Value টি number ভ্যারিয়েবলে Assign হবে।

প্রোগ্রাম নং ২৪ (p24.php) একাধিক ভ্যারিয়েবলের Value ডিক্লেয়ার করে শুধুমাত্র একটি ভ্যারিয়েবলের Value আউটপুট হিসেবে দেখানো

```
<?php  
$p=10;  
$number=$p;  
echo $number;  
?>
```

উপরের ২৪ নং প্রোগ্রামটির **Output: 10**

প্রোগ্রাম নং ২৫ (p25.php) একটি ভ্যারিয়েবলের মান অন্য ভ্যারিয়েবলে রাখা অথবা অ্যাসাইন করা

```
<?php  
$p=10;  
$number=$p;  
echo $number;  
$p=$number;  
echo $p;  
$p=542;  
echo $p;  
?>
```

উপরের ২৫ নং প্রোগ্রামটির **Output: 10 10 542**

প্রোগ্রাম নং ২৬ (p26.php) একটি ভ্যারিয়েবলের মান অন্য ভ্যারিয়েবলে রাখা অথবা অ্যাসাইন করা

```
<?php  
$p=10;  
$number=$p;  
echo $number;  
$p=$number;
```


অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

```
echo $p;  
$p=542;  
echo $p;  
$number=$p;  
echo $number;  
?>
```

উপরের ২৬ নং প্রোগ্রামটির : **Output:** 10 10 542 542

৫.৯ কী-ওয়ার্ড

কম্পিউটার প্রোগ্রামিং এ কী-ওয়ার্ড হচ্ছে এক ধরনের word অথবা identifier যেটি প্রোগ্রামিং ল্যাংগুয়েজে কোন নির্দিষ্ট Meaning বুঝায়। কী-ওয়ার্ড কে রিজার্ভ ওয়ার্ডও বলা হয়। কী-ওয়ার্ড গুলো ভ্যারিয়েবল অথবা ফাংশন এর নাম হিসেবে ব্যবহার করা যাবে না। কী-ওয়ার্ড যেমন: if, else ইত্যাদি। কী-ওয়ার্ড হচ্ছে এমন কিছু শব্দ যেগুলো আপনি আপনার ইচ্ছেমতো প্রোগ্রামিং এ ব্যবহার করতে পারবেন না। কারণ, প্রত্যেকটি প্রোগ্রামিং ল্যাংগুয়েজের নির্দিষ্ট কিছু কী-ওয়ার্ড আছে, যেগুলোকে ল্যাংগুয়েজে ডিফাইন করে দেয়া হয়েছে যে, ঐ কী-ওয়ার্ডসমূহের এর কাজ কি। প্রত্যেকটি কী-ওয়ার্ড এর নির্দিষ্ট কিছু কাজ আছে।

নিম্নে কতগুলো কী-ওয়ার্ড এর নাম দেওয়া হল

PHP Keywords :

abstract
and
array()
as
break
case
catch
class
clone
const
continue
declare
default
do
else
elseif
enddeclare
endfor
endforeach

endif
endswitch
endwhile
extends
final
for
foreach
function
global
goto
if
implements
interface
instanceof
namespace
new
or
private
protected
public
static
switch
throw
try
use
var
while
xor

c-27 পি.এইচ.পি কী-ওয়ার্ডস।

৫.১০ কনস্ট্যান্ট (Constant)

কনস্ট্যান্ট শব্দটির অর্থ হচ্ছে অপরিবর্তনীয়। যে কোন ধরনের প্রোগ্রামিং লজিক বুঝতে আপনি সংগ্রহ করতে পারেন বুকবিডি সিরিজের সি প্রোগ্রামিং বইটি। অনেক সময় প্রোগ্রাম চলাকালীন সময়ে অথবা পরে আমরা অনেক ভ্যারিয়েবল এর মান পরিবর্তন করি। আর যদি করতে না চাই তাহলে Constant কী-ওয়ার্ডটি ব্যবহার করা যেতে পারে।

Constant হচ্ছে আইডেন্টিফায়ার, যেটির Value প্রোগ্রাম চলাকালীন সময়ে পরিবর্তন করা যাবে না। ভ্যারিয়েবল এর মান যে কোন সময় পরিবর্তন করা যায়, কিন্তু constant এর মান একবারই assign করা যায় এবং পরবর্তীতে চাইলেও আর পরিবর্তন করা যায় না। যেমন Mathematics এ পাই এর মান সবসময় 3.14 এবং এর মান পরিবর্তন হয় না। সুতরাং, চাইলে এই মানটিকে constant এর সাথে তুলনা করা যায়। Constant যে কোন টাইপের value হতে পারে।

Constant তৈরি করতে হয় define() ফাংশন ব্যবহার করে। define() ফাংশন দুটি আরগুমেন্ট নেয়, প্রথমটি হচ্ছে constant এবং পরেরটি হচ্ছে value. Constant নাম case sensitive. Constant নামের সবগুলো লেটার আপার কেস হবে। নিম্নে Constant ডিক্লেয়ার করে দেখানো হলো

```
define ("MESSAGE", "welcomeBD");
```




define ফাংশন। constant এ যে মানটি রাখতে চাই।

constant এর নাম, যে কোন একটি নাম হতে পারে তবে অবশ্যই Uppercase হতে হবে।

এখন যদি প্রশ্ন করা হয়, MESSAGE constant এর ভ্যালিউ/মান কি? তবে, উত্তর হবে welcome BD

```
define("VAL",20);
```



Constant Value of VAL
define("B",33);
echo B;

এখানে আউটপুটে আসবে 33, কারণ B এর মান হচ্ছে 33

নিচের প্রোগ্রামে MESSAGE এবং M নামে দুইটি Constant ভ্যারিয়েবল ডিক্লেয়ার করা হয়েছে এবং এদের Value হিসেবে Welcome to my World এবং 20 দেওয়া হয়েছে এবং এখানে যেহেতু echo MESSAGE এবং echo M লেখা হয়েছে, তাই আউটপুটে Welcome to my World এবং 20 (Welcome to my World20) আসবে।

```
<?php
class m {
    public function demo() {
        define("M", 20); // m is a variable the value of m cant chage latter
        echo M;
    }
}
$obj = new m;
$obj->demo();
?>
```


উপরের প্রোগ্রামটির Output: 20

নিচে MY_CONSTANT নামে একটি Constant ভ্যারিয়েবল ডিক্লেয়ার করে এর মান 36 দেওয়া হয়েছে। আবার এর সাথে if.....else conditional statement যুক্ত করা হয়েছে। নিচের প্রোগ্রামে constant ভ্যারিয়েবলে যদি MY_CONSTANT ডিফাইন করা হয়, তবে আউটপুট আসবে Constant is defined অন্যথায় আউটপুট আসবে Constant is not defined

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

প্রোগ্রাম নং ২৭ (p27.php) Constant ভ্যারিয়েবলের মাধ্যমে Value অ্যাসাইন করে এদের আউটপুট দেখানো

```
<?php
define ("MY_CONSTANT", 36);
if (defined("MY_CONSTANT")) {
    echo "Constant is defined";
}
else {
    echo "Constant is not defined";
}
?>
```



চিত্রঃ ৫.১০ প্রোগ্রাম ২৭ এর আউটপুট

প্রোগ্রাম নং ২৮ (p28.php) Constant ভ্যারিয়েবলের সাথে if..else কন্ডিশনাল স্টেটম্যান্ট যুক্ত করে প্রোগ্রাম লিখা

```
<?php
// define your site name, since it does NOT change
// anywhere within your script.
define( 'SITE_NAME', 'Learning Journal' );
// define the current year, possibly to use in your copyright
// statement or for 'date' calculations
define( 'THIS_YEAR', date('Y') );
// even use existing constants to create other constants!
// e.g. adding the trademark symbol to your site name...
define( 'SITE_NAME_T', SITE_NAME.'&trade;' );
?>
```


নিচের প্রোগ্রামে String, Integer, Boolean এবং Float টাইপের কনস্ট্যান্ট ভ্যারিয়েবল ডিক্লেয়ার করে দেখানো হয়েছে।

প্রোগ্রাম নং ২৯ (p29.php) Constant ভ্যারিয়েবল ডিক্লেয়ার করা

```
<?php
// String
define( 'AUTHOR', 'J de Silva' );
// Integer
define( 'COLUMNS', 3 );
// Boolean
define( 'SHOW_MENU', FALSE );
// Float
define( 'DISCOUNT_50', 0.5 );
?>
```

প্রোগ্রাম নং ৩০ (p30.php) বিভিন্ন ডেটা টাইপের কনস্ট্যান্ট ভ্যারিয়েবল ডিক্লেয়ার করা

```
<?php
//define a constant
define("GREETING","Hello you! How are you today?");
echo constant("GREETING");
?>
```



চিত্রঃ ৫.১০ প্রোগ্রাম ৩০ এর আউটপুট

নিচের প্রোগ্রামে MY_CONSTANT নামে কনস্ট্যান্ট ভ্যারিয়েবল ডিক্লেয়ার করা হয়েছে এবং এর Value হিসেবে The constant value দেওয়া হয়েছে।


প্রোগ্রাম নং ৩১ (p31.php) কনস্ট্যান্ট ভ্যারিয়েবল ডিক্লেয়ার করে এর Value আউটপুটে দেখানো

```
<?php
define("MY_CONSTANT", "The constant value")
?>
```

নিচের প্রোগ্রামে কনস্ট্যান্ট ভ্যারিয়েবলের ভ্যালিউ Hello world দেওয়া হয়েছে এবং এর আউটপুট echo CONSTANT এর মাধ্যমে দেখানো হয়েছে। আবার echo Constant লেখায় এর আউটপুট আসবে ঠিকই, তবে উক্ত CONSTANT ভ্যারিয়েবলের মান না। কেননা, আগেই বলা হয়েছে, এটি কেস-সেনসিটিভ (UpperCase)। অর্থাৎ, এই প্রোগ্রামের আউটপুট আসবে Hello world.Constant

প্রোগ্রাম নং ৩২ (p32.php) কনস্ট্যান্ট ভ্যারিয়েবলের মাধ্যমে Value অ্যাসাইন করা

```
<?php
define("CONSTANT", "Hello world.");
echo CONSTANT; // outputs "Hello world."
echo Constant; //outputs "Constant" and issues a notice
?>
```



চিত্রঃ ৫.১০ প্রোগ্রাম ৩২ এর আউটপুট

৫.১১ কমেন্ট

কমেন্ট হচ্ছে একটি লাইন যেটি প্রোগ্রামের অংশ, কিন্তু প্রোগ্রাম execute করার সময় ঐ লাইনটিকে রিড করা হয় না। কমেন্ট এর মাধ্যমে সাধারণত কোড রিলেটেড কোন ইনফরমেশন দেওয়া থাকে, যেন অন্যরা কোড দেখে তা সহজে বুঝতে পারে।

সিংগেল লাইন কমেন্টের জন্য (//) ব্যবহার করা হয়। //echo "Beautiful" ← এটি হচ্ছে কমেন্ট লাইন। উক্ত প্রোগ্রামে আউটপুট হিসেবে Beautiful দেখাবে না, কারণ এটি কমেন্টের মধ্যে। আমরা চাইলে একের অধিক লাইনকে কমেন্টের মাধ্যমে execution বন্ধ রাখতে পারি।

একাধিক লাইনকে কমেন্ট এর আওতায় আনার জন্য শুরুতে front slash (/) এবং স্টার (*) সাইন ব্যবহার করতে হয়।

```
↓
/* echo "Dhaka";
$sp=6;
echo $sp;
*/ ← কমেন্টকে শেষ করতে হয় স্টার (*) এবং front slash (/) দিয়ে।
```

উপরের প্রোগ্রামে কমেন্টের ভিতরে যা রয়েছে, তা আউটপুটে কিছু আসবে না। অর্থাৎ এগুলো কোন কাজও করবে না।

নিচের প্রোগ্রামে echo "hello" এবং echo "there" লেখায় আউটপুট আসবে hello there। এখানে //this is a comment হচ্ছে একটি কমেন্ট, তাই এটি আউটপুটে আসবে না।

```
<?php
echo "hello";
//this is a comment
echo " there";
```

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

?>

উপরের প্রোগ্রামটির : **Output:** hello there

প্রোগ্রাম নং ৩৩ (p33.php) কমেন্ট ব্যবহার করে প্রোগ্রাম লেখা

```
<?php
    echo "hello";
    /* Using this method
    you can create a larger block of text
    and it will all be commented out
    */
    echo "there";
?>
```

উপরের ৩৩ নং প্রোগ্রামটির : **Output:** hello there

নিচের প্রোগ্রামের কোন আউটপুট আসবেনা, কারণ এখানে //echo "hello"; লেখা হয়েছে এবং এটিকে লিখা হয়েছে কমেন্ট হিসেবে, আর যেহেতু কমেন্ট হিসেবে যা লিখা হয় তার আউটপুট ডিসপে হয় না, তাই এ প্রোগ্রামেরও কোন আউটপুট আসবে না।

প্রোগ্রাম নং ৩৪ (p34.php): কমেন্ট ব্যবহার করে প্রোগ্রাম লেখা

```
<?php
    //echo "hello";
?>
```

নিচের প্রোগ্রামে //echo "hello"; কমেন্ট হিসেবে ব্যবহার করায় এর কোন আউটপুট আসবেনা, কিন্তু যেহেতু আবার echo "there" লেখা হয়েছে এবং এটিকে কমেন্ট হিসেবে লিখা হয়নি, তাই এর আউটপুট আসবে there

প্রোগ্রাম নং ৩৫ (p35.php) শুধুমাত্র কমেন্ট ব্যবহার করা


```
<?php
    //echo "hello";
    echo "there";
?>
```

উপরের ৩৫ নং প্রোগ্রামটির : **Output:** there

প্রোগ্রাম নং ৩৬ (p37.php) এই প্রোগ্রামের আউটপুট আসবে there

```
<?php
    echo 'This is a test'; // This is a one-line c++ style comment
```

```
/* This is a multi line comment
   yet another line of comment */
echo 'This is yet another test';
echo 'One Final Test'; # This is a one-line shell-style comment
?>
```



চিত্রঃ ৫.১১ প্রোগ্রাম ৩৬ এর আউটপুট

প্রোগ্রাম নং ৩৭ (p37.php)

```
<?php
/* echo 'This is a test'; /* This comment will cause a problem */
*/
?>
```

প্রোগ্রাম নং ৩৮ (p38.php)

অন্য আরেকটি অপশন ব্যবহার করেও আমরা কमेंট করতে পারি। হেশ (#) সাইন ব্যবহার করেও কमेंট করা যায়।

```
#echo "Girl";
```

সুতরাং, এই প্রোগ্রামের আউটপুটে Girl আসবেনা।

নিচের প্রোগ্রামে # ব্যবহার করে কमेंট লেখা হয়েছে।

```
<?php
echo "hello";
#this is a comment
echo " there";
?>
```





চিত্রঃ ৫.১১ প্রোগ্রাম ৩৮ এর আউটপুট

নিচের প্রোগ্রামে #echo "I don't do anything either" কে কমেন্ট হিসেবে ব্যবহার করা হয়েছে, তাই এখানে echo লিখা সত্ত্বেও এর কোন আউটপুট আসবে না। এই প্রোগ্রামের আউটপুট আসবে Hello World! Psst...You can't see my PHP comments!

প্রোগ্রাম নং ৩৯ (p39.php) # ব্যবহার করে কমেন্ট লেখা

```
<?php
    echo "Hello World!"; // This will print out Hello World!
    echo "<br />Psst...You can't see my PHP comments!"; // echo "nothing";
    // echo "My name is Humperdinkle!";
    # echo "I don't do anything either";
?>
```



চিত্রঃ ৫.১১ প্রোগ্রাম ৩৯ এর আউটপুট

৫.১২ সংক্ষিপ্ত অধ্যায়

> প্রোগ্রামিং এ প্রোগ্রাম লিখা হয় ভ্যালুকে (Data) প্রসেস করার জন্য। প্রোগ্রামিং এ বিভিন্ন ধরনের ডেটা থাকে যেমন ইনটিজার (৫,১১,১০৯ ইত্যাদি) ক্যারেক্টার ("a", "c", "z", "p" ইত্যাদি) স্ট্রিং ("book", "bookbd", "Dhaka", "green" ইত্যাদি) ভ্যালুকে আমরা ভ্যারিয়েবল এ রাখি। ভ্যারিয়েবল যেমন a, dk, cz ইত্যাদি। dk=2 তাহলে বলতে পারি dk ভ্যারিয়েবল এর মান হচ্ছে ২।

```
> class bd
{
```

```
    public $d= "p";
    public Function dom() ← নিয়ম ফাংশন এর নামের পর দু'টো প্রথম বন্ধনী দিতে হয়
    { ← ফাংশন এর ব্রাকেট শুরু
```

```
$name= "php";  
echo $name;  
$price = 200;  
echo $price;  
} ← ফাংশন এর ব্রাকেট শেষ  
}
```

> উপরের ক্লাসটির অবজেক্ট দিয়ে dom ফাংশনটিকে কল করলে আউটপুট প্রদর্শিত হবে php এবং ২০০।

> পিএইচপিতে এমন নির্দিষ্ট শব্দ (word) আছে যে গুলো প্রোগ্রামার (ব্যবহারকারী) চাইলে তার ইচ্ছে মত যে কোন জায়গায় ব্যবহার করতে পারবেন না। আর এটিই হচ্ছে কী-ওয়ার্ড। যেমন আমি একটি ফাংশন এর নাম পাবলিক (public) লিখতে পারবো না কারণ এটি হচ্ছে একটি কী-ওয়ার্ড যেমন: use, while, class, and, exit ইত্যাদি।

৫.১৩ প্রশ্ন

১. প্রোগ্রামিং এ ভ্যালু বলতে কি বুঝ?
২. ভ্যারিয়েবল কি?
৩. ভ্যালু এবং ভ্যারিয়েবল এর মধ্য পার্থক্য লিখ।
৪. পিএইচপিতে ভ্যারিয়েবল ডিক্লেয়ার করার নিয়ম গুলো লিখ।
৫. বিভিন্ন ধরনের ডেটা টাইপ গুলো উদাহরণ সহ বর্ণনা কর।
৬. কনস্ট্যান্ট কি এবং কিভাবে ডিক্লেয়ার করতে হয়।
৭. কমেণ্ট কেন ব্যবহার করা হয়।
৮. একটি ক্লাস লিখ এবং যেটি প্রিন্ট (Display) করে Green Dhaka। তারপর ঐ ক্লাসের ফাংশনটিকে কল কর। (এখানে মনে রাখতে হবে কোন ফাংশনের ভিতর আউটপুটের জন্য কোডটি লিখতে হবে।
৯. একটি ক্লাস Mango ঐ ক্লাসের ভিতর একটি ভ্যারিয়েবল p তে ২৩ অ্যাসাইন করা হল। তার Mango ক্লাসের অবজেক্ট তৈরী করে p এর মানকে আউটপুট প্রদর্শন করতে হবে।

QUICK & EASY WAY

Your Professional Trainer...

নিজে নিজে এসইও শিখুন

অ্যাডভান্স

সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন

From Advance to Professional

রচনা ও সম্পাদনা

বুকবর্ডি মিরিজ...

কী-ওয়ার্ড অ্যানালাইসিস * সার্চ ইঞ্জিন সিক্রেট * এসইও টুলস * মেইল চিফ্প
* গুগলের নতুন এসইও স্ট্র্যাটেজি * লিংক তৈরি * এসইও ট্রাবল শুটিং



কিন্ডারে সবচেয়ে বড় সার্চ ইঞ্জিনকে কন্ট্রোল করে বিশ্বের মাঝে আপনার ওয়েব
মাইটকে বেশি পরিচিতি করা যায় এ পুরো বিস্মাটিক বইটি পড়ে খুব সহজে বুঝবেন।
অল্প শীক্ষিত এবং টেকনিক্যাল পার্টক খুব সহজে কন্ট্রোল শিখতে পারবেন।



All Updated Tools & Techniques of SEO

ডাউনলোড

bookbd.info

অধ্যায়-৬ অপারেটরস এ্যান্ড এক্সপ্রেশন


৬. অপারেটর, এক্সপ্রেশন, অপারেটর টাইপস সম্পর্কে আলোচনা -----
- ৬.১ ভূমিকা : -----
- ৬.২ অপারেটর (Operator) -----
- ৬.৩ এক্সপ্রেশন (Expression) -----
- ৬.৪ অপারেটর টাইপস (Operator Types) -----
- ৬.৫ অ্যারিথমেটিক অপারেটর (Arithmetic Operators) -----
- ৬.৬ অ্যাসাইনমেন্ট অপারেটরস (Assignment Operators) -----
- ৬.৭ কম্প্যারিজন অপারেটরস (Comparision Operators) -----
- ৬.৮ লজিক্যাল অপারেটর (Logical Operators) -----
- ৬.৯ অধ্যায় সারসংক্ষেপঃ -----
- ৬.১০ প্রশ্নঃ -----

৬.১ ভূমিকা :

কতগুলো সিম্বলকে একত্রে আমরা প্রোগ্রামিং এ এক্সপ্রেশন বলে থাকি যেমন $a=2$ এখানে এটি হচ্ছে একটি এক্সপ্রেশন। Expression কে ভ্যালু, ভ্যারিয়েবল এবং অপারেটর এর একটি কম্বিনেশন (Combination) ও বলা হয়ে থাকে। অপারেটর হচ্ছে এমন একটি জিনিস যেটি ভ্যালুকে পরিবর্তন করতে পারে। যেমন $a=3$ এখানে a এর মান 3 কারণ ইকুয়াল (=) অপারেটর দ্বারা এর মান পরিবর্তন করা হল। তাহলে বলা যায় অপারেটর হচ্ছে এক ধরনের সিম্বল (Symbol) যার একটি নির্দিষ্ট কাজ আছে। অপারেটর যেমন প্লাস (+), মাল্টিপিকেশন (*), ডিভিশন (/) ইত্যাদি।

৬.২ অপারেটর (Operator) :

অপারেটর হচ্ছে এক ধরনের সিম্বল (symbol) যেটি কম্পিউটারকে নির্দেশ করে কোন ধরনের Mathematical অথবা Logical ম্যানিপুলেশন (অপারেশন) করতে হবে। প্রোগ্রামে অপারেটর ব্যবহার করা হয় ডেটা এবং ভ্যারিয়েবলকে ম্যানিপুলেট (বিভিন্ন কাজ পরিচালনা) করার জন্য। অপারেটর এর সাহায্যে আমরা এক বা একাধিক মান থেকে অন্য নতুন কোন ভ্যালিউ তৈরি করতে পারি।




ভ্যারিয়েবল a তে 5 এবং 6 এর যোগফল 11

অপারেটর হচ্ছে একটি symbol যেটি এক বা একাধিক অপারেন্ড এর উপর কোন ধরনের অপারেশন চালায়।

৬.৩ এক্সপ্রেশন (Expression) :

এক্সপ্রেশন হচ্ছে কিছু code (piece of code) যেটি প্রডিউস করে কোন রেজাল্ট অথবা মান। প্রোগ্রামিং ল্যাংগুয়েজে এক্সপ্রেশন-ভ্যালিউ, ভ্যারিয়েবল, কনস্ট্যান্ট, অপারেটর ইত্যাদিকে একত্র করে।



অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

পুরো লাইন কোডটি হচ্ছে এক্সপ্রেশন।

অর্থাৎ প্রোগ্রামিং এর কোন একটি statement কে আমরা এক্সপ্রেশন বলতে পারি। যেমন :

`a=b+3;`

`z++;`

`300>(8*k);`

`a*b+c;`

`(a*b)+c;`

`(a*b)/c;`

৬.৪ অপারেটর টাইপস (Operator Types) :

প্রোগ্রামিং এ অপারেটর গুলোকে সাধারণত কতগুলো ভাগে ভাগ করা হয়েছে।

1. Arithmetic operators (অ্যারিথমেটিক অপারেটরস)
1. Relational operators (রিলেশনাল অপারেটরস)
2. Logical operators (লজিক্যাল অপারেটরস)
3. Assignment operators (অ্যাসাইনমেন্ট অপারেটরস)
8. Increment and Decrement operators (ইনক্রিমেন্ট এবং ডিক্রিমেন্ট অপারেটরস)
৫. Conditional operators (কন্ডিশনাল অপারেটরস)
6. Bitwise operators (বিটওয়াইজ অপারেটরস)
9. Special operators (স্পেশাল অপারেটরস)

৬.৫ অ্যারিথমেটিক অপারেটর (Arithmetic Operators) :

নিম্নে Arithmetic অপারেটর গুলো আলোচনা করা হল :

+ অ্যাডিশন (Addition)

`x=2+5;`

Addition

নিচের প্রোগ্রামে `$a=5+6;` এর মাধ্যমে 5 এবং 6 কে যোগ করা হয়েছে। এখানে + Addition অপারেটর ব্যবহার করা হয়েছে। এর আউটপুট আসবে 11

```
<?php
Class op{
    $a=5+6;
}
$O=new op;
echo $O->a;
?>
```

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

প্রোগ্রাম নং ৪০ (p40.php) Addition অপারেটরের মাধ্যমে দুটি সংখ্যা যোগ করা

উপরের প্রোগ্রামটি রান করলে আমরা আউটপুটে 11 পাবো।

```
<?php
    $a=6;
    echo $a+5;
?>
```



চিত্রঃ ৬.৫ প্রোগ্রাম p40 এর আউটপুট

- সাবট্রাকশন (Subtraction)

```
$x=6-2;
```

Subtraction



এখানে x এর মান হবে 4

```
$a=8;
```

```
$b=$a-3;
```


b এর মান হবে 5

```
$c=$a-$b;
```

তাহলে c এর মান হবে 3 কারণ, a এর মান 8 আর তা থেকে b এর মান 5 বাদ গেলে 3 থাকে। নিচের প্রোগ্রামে ভ্যারিয়েবল \$a=12-8 লেখা হয়েছে অর্থাৎ এখানে Subtraction (-) অপারেটরের মাধ্যমে 12 থেকে 8 বিয়োগ করে, বিয়োগফল echo \$a এর মাধ্যমে দেখানো হচ্ছে।

প্রোগ্রাম নং ৪১ (p41.php) Addition অপারেটরের মাধ্যমে যোগ করা

```
<?php
    $a=12-8;
    echo $a;
?>
```

চিত্রঃ ৬.৫ প্রোগ্রাম p41 এর আউটপুট

প্রোগ্রাম নং ৪২ (42.php) Subtraction অপারেটর এর ব্যবহার

```
<?php
Class cal
{
    Public function cum()
    {
        $a=12-8;
        $c=$a-2;
        echo $c;
        $d= $a - $c;
        echo $d;
    }
}
P=new cal;
p->cum();
?>
```

* মাল্টিপ্লিকেশন (Multiplication)

```
$p=3*2;
$p=6;
$m=4;
$x=$p*$m;
```

Multiplication



এখানে, x এর মান হবে 24 কারণ, p এর মান 6 এবং m এর মান 4 সুতরাং 4 এবং 6 এর গুনফল 24. নিচের প্রোগ্রামে ভ্যারিয়েবল \$a=8*2; লিখা হয়েছে অর্থাৎ এখানে Multiplication (*) অপারেটরের মাধ্যমে 8 এর সাথে 2 গুন করে, গুনফল echo \$a এর মাধ্যমে দেখানো হচ্ছে।

প্রোগ্রাম নং ৪৩ (p43.php) Subtraction অপারেটর এর ব্যবহার

```
<?php
    $a=8*2;
    echo $a;
?>
```



চিত্রঃ ৬.৫ প্রোগ্রাম p43 এর আউটপুট

প্রোগ্রাম নং ৪৪ (p44.php) Multiplication অপারেটর এর ব্যবহার

```
<?php
Class Mul {
    public function multification() {
        $a=3*2;
        $m=5;
        $p=$a * $m;
        echo $p;
    }
}
P=new Mul;
p-> multification();
?>
```

/ ডিভিশন (Division)

```
$x=15/5;
x এর মান হবে 3
$a=12;
$b=3;
$p=$a/$b
p এর মান হবে 4
```

নিচের প্রোগ্রামে ভ্যারিয়েবল \$a=18/3 লিখা হয়েছে, অর্থাৎ এখানে Division (/) অপারেটরের মাধ্যমে 18 কে 3 দ্বারা ভাগ করে, ভাগফল echo \$a এর মাধ্যমে দেখানো হচ্ছে।

প্রোগ্রাম নং ৪৫ (p45.php) Multiplication অপারেটর এর ব্যবহার

```
<?php
Class Div {
    public function division() {
        $a=18/3;
        echo $a;
    }
}
P=new Div;
$P-> division();
?>
```

প্রোগ্রাম নং ৪৬ (p46.php) Division অপারেটর এর ব্যবহার

```
<?php
$a=25;
$b=5;
$x=$a/$b;
echo $x;
?>
```

উপরের ৪৬ নং প্রোগ্রামের Output: 5

% মডিউলাস (Modulus)


```
$m=11%2;
```

এখানে, m এর মান হবে 1. কারণ মডিউলাস মানে হচ্ছে ভাগশেষ। সুতরাং, 11 কে 2 দিয়ে ভাগ করলে, ভাগশেষ থাকে 1.

নিচের প্রোগ্রামে ভ্যারিয়েবল \$a=20%3; লিখা হয়েছে, অর্থাৎ এখানে Modulus (%) অপারেটরের মাধ্যমে 20 কে 3 দ্বারা মডিউলাস করে, ভাগশেষ echo \$a এর মাধ্যমে দেখানো হচ্ছে।

প্রোগ্রাম নং ৪৭ (p47.php): Division অপারেটর এর ব্যবহার

```
<?php
$a=20%3;
echo $a;
?>
```



চিত্রঃ ৬.৫ প্রোগ্রাম p47 এর আউটপুট

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

প্রোগ্রাম নং ৪৮ (p48.php) Modulus অপারেটর এর ব্যবহার

```
<?php
    $a=29;  $b=5;
    $x=$a%$b;
    echo $x;
?>
```

চিত্র উপরের ৪৮ নং প্রোগ্রামের : Output: 4

```
<?php
    Class Mod {
        public function division(){
            $a=18/3;
            echo $a;
        }
    }
    $p=new Mod;
    $p->division();
?>
```

উপরের প্রোগ্রামের : Output: 6

++ ইনক্রিমেন্ট (Increment)

```
$x=6;
$x++;
এখানে x এর মান হবে 7 কারণ increment 1 করে বাড়ে।
$p=2;
$m=$p++;
```

m এর মান হবে 3 কারণ p এর মান ছিল 2 তার সাথে এক যোগ হয়ে এখন 3 হয়েছে।

নিচের প্রোগ্রামে \$a নামে একটি ভ্যারিয়েবল ডিক্লেয়ার করে এর ভ্যালিউ 2 দেওয়া হয়েছে, তারপর \$a++ এর মাধ্যমে এর ভ্যালিউকে 1 বাড়িয়ে দেওয়া হল। প্রথমে \$a এর ভ্যালিউ ছিল 2, কিন্তু \$a++ ব্যবহার করায় এর ভ্যালিউ বেড়ে হল 3. সুতরাং, এখন এর আউটপুট আসবে 3.

প্রোগ্রাম নং ৪৯ (49.php) Modulus অপারেটর এর ব্যবহার

```
<?php
    $a=2;
    $a++;
    echo $a;
```

অবজেক্ট অরিয়েটেড পিএইচপি

?>

উপরের 89 নং প্রোগ্রামের : Output: 3

প্রোগ্রাম নং ৫০ (p50.php) Increment অপারেটর এর ব্যবহার

```
<?php
    $a=8;
    $p=$a++;
    echo $p;
?>
```

উপরের ৫০ নং প্রোগ্রামের : Output: 8

```
<?php
Class Inc {
    public function increment(){
        $a=8;
        $d=$a++;
        echo $d;
    }
}
$p=new Inc;
$p-> increment();
?>
```

উপরের প্রোগ্রামের : Output: 8

-- ডিক্রিমেন্ট (Decrement)

(decrement) ডিক্রিমেন্ট অপারেটর কোন Value এর মান এক এক করে কমায় (কমিয়ে দেয়)।

```
$c=5; $c--;
```

এখানে, c এর মান হবে 4।

```
$z=9; $p=$z--;
```

p এর মান হবে 8 কারণ 9 থেকে 1 কমেছে অর্থাৎ subtract হয়েছে।

প্রোগ্রাম নং ৫১ (p51.php) Increment অপারেটর এর ব্যবহার

```
<?php
Class Dec {
    public function decrement(){
        $c=5;
```

```

        $c--;
    }
}
$p=new Dec;
$p-> decrement();
?>

```

অ্যারিথমেটিক অপারেটরস (Arithmetic Operators)

Operator	Description	Example	Result
+	Addition	x=2 x+2	4
-	Subtraction	x=2 5-x	3
*	Multiplication	x=4 x*5	20
/	Division	15/5 5/2	3 2.5
%	Modulus (division remainder)	5%2 10%8 10%2	1 2 0
++	Increment	x=5 x++	x=6
--	Decrement	x=5 x--	x=4

নিচের প্রোগ্রামে বিভিন্ন Arithmetic অপারেটর অর্থাৎ Addition, Subtracction, Multiplication, Division, Modulus ব্যবহার করে প্রোগ্রাম লিখা হল।

```

<?php
$addition = 2 + 4;
$subtraction = 6 - 2;
$multiplication = 5*3;
$division = 15/3;
$modulus = 5%2;
echo "Perform addition: 2 + 4 = ".$addition."<br />";
echo "Perform subtraction: 6 - 2 = ".$subtraction."<br />";
echo "Perform multiplication: 5 * 3 = ".$multiplication."<br />";

```

```
echo "Perform division: 15 / 3 = ".$division."<br />";  
echo "Perform modulus: 5 % 2 = ".$modulus . " ". Modulus is the  
remainder after the division operation has been performed. In this case it was 5 / 2,  
which has a remainder of 1.";
